ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
নওগাঁ শাখা।
৩৭৯, মাজেদা সুপার মার্কেট, তুলা পট্টি, নওগাঁ

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স রানী চাউল কল, স্বত্তাধিকারিণী জনাব/জনাবা- মোছাঃ ইসরাত জাহান, স্বামী- মৃত সেফায়েত হোসেন, মাতা- মোছাঃ নুরজাহান, ব্যবসায়িক ঠিকানা- গোপীনাথপুর, পোঃ নিতপুর, উপজেলাঃ পোরশা জেলাঃ নওগাঁ, বর্তমান ও স্থায়ী ঠিকানা- পারনওগাঁ, ঈদগাহ পাড়া, নওগাঁ-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ, কর্তৃক ইউসিবি, **নওগা** শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৬.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫৯,৫৯,৮৩৪.৪১ (উনষাট লক্ষ উনষাট হাজার আটশত চৌত্রিশ টাকা একচল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। নওগাঁ পৌরসভার বাহিরে অবস্থিত রেজিষ্ট্রিকৃত ৫৭.৭৫ শতাংশ জমি এর মালিক মৃত সেফায়েত হোসেন, প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারিণী মোছাঃ ইসরাত জাহান এর স্বামী, মৌজাঃ গোপীনাথপুর, জে.এল নং ৮৩/৮৪, খতিয়ান নং এস.এ-১৫, আর.এস-১০৯, প্রস্তাবিত খতিয়ান নং-১৬০, প্লট নং এস.এ-১৫২, আর.এস-১৭৭, পোঃ নিতপুর, উপজেলাঃ পোরশা জেলাঃ নওগাঁ।

২। নওগাঁ পৌরসভার বাহিরে অবস্থিত রেজিষ্ট্রিকৃত ১৩৪.২৫ শতাংশ জমি এর মালিক নিজাম উদ্দিন সিদ্দিকী, প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারিণী মোছাঃ ইসরাত জাহান এর পিতা, মৌজাঃ তুলসী পাড়া, জে.এল নং ১৩০, খতিয়ান নং আর.এস-৫৩, প্রস্তাবিত খতিয়ান নং-১৯৬, প্লট নং এস.এ-৩১৯, ৩১৯/৫০৫, আর.এস-৩৭০, ৩৫৯, উপজেলাঃ সাপাহার, জেলাঃ নওগাঁ।

৩। নওগাঁ পৌরসভার বাহিরে অবস্থিত রেজিষ্ট্রিকৃত ১৩৪.০০ শতাংশ জমি এর মালিক মোঃ নওশাদ হোসেন, প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারিণী মোছাঃ ইসরাত জাহান এর ভাই, মৌজাঃ তুলসী পাড়া, জে.এল নং ১৩০, খতিয়ান নং আর.এস-৫৩, প্রস্তাবিত খতিয়ান নং-১৯৭, প্লট নং এস.এ-৩১৯, ৩১৯/৫০৫, আর.এস-৩৭০, ৩৫৯, উপজেলাঃ সাপাহার, জেলাঃ নওগাঁ।

৪। নওগাঁ পৌরসভার বাহিরে অবস্থিত রেজিষ্ট্রিকৃত ২০৬.৫০ শতাংশ জমি এর মালিক মৃত সেফায়েত হোসেন ও মোঃ নিজাম উদ্দিন সিদ্দিকী, প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারিণী মোছাঃ ইসরাত জাহান এর স্বামী ও পিতা, মৌজাঃ বড়মির্জাপুর, জে.এল নং ১৫৬, খতিয়ান নং আর.এস- ২৪, ২০৩, প্রস্তাবিত খতিয়ান নং- ৪৯৫, ৪৯৪, প্লট নং আর.এস- ৭৫৭, ৭৮২, ৪৩১, উপজেলাঃ সাপাহার, জেলাঃ নওগাঁ।

৫। নওগাঁ পৌরসভার বাহিরে অবস্থিত রেজিষ্ট্রিকৃত ২০.০০ শতাংশ জমি এর মালিক মোঃ নিজাম উদ্দিন সিদ্দিকী, প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারিণী মোছাঃ ইসরাত জাহান এর পিতা, মৌজাঃ তুলসীপাড়া, জে.এল নং ১৩০, খতিয়ান নং আর.এস- ৫৩, প্রস্তাবিত খতিয়ান নং- ১৯৯, প্লট নং আর.এস- ৩৭০, উপজেলাঃ সাপাহার, জেলাঃ নওগাঁ।

নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ২৮/০৮/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নওগা **শাখা।**